অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/10/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারি এর মধ্যে, গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে নিউ ইয়র্ক স্টেটে অ্যান্টিবডি পরীক্ষার প্রক্রিয়া শুরু করা হচ্ছে, যা অর্থনীতিকে পুনরায় গতিশীল করার ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ

গভর্নর এক্ষেত্রে ফেডারেল সরকারের সাথে পূর্ণ অংশীদার হওয়ার প্রস্তাব দেয় যেন ব্যাপক হারে পরীক্ষা প্রসারে স্টেটের যে অব্যাহত প্রচেষ্টা গভর্নর তার অংশ হতে পারে; আঞ্চলিকভাবে পরীক্ষার অংশীদারিত্ব তৈরি করতে নিউ ইয়র্ক কানেক্টিকাট এবং নিউ জার্সির সাথে অংশীদার হবে

SNAP-এ নিবন্ধিত 700,000 এর বেশি নিম্ন আয়ের পরিবারের জন্য 200 মিলিয়ন মার্কিন ডলারের জরুরি খাদ্য সহায়তা ঘোষণা করা হয়েছে

গভর্নর একটি COVID-19 হিরোজ কম্পেনসেশন ফান্ড গঠন করতে কংগ্রেসনাল প্রতিনিধিদের সাথে কাজ করছেন

বেসরকারি খাতের সঙ্গে নতুন অংশীদারিত্ব ঘোষণা করে ফ্রন্টলাইনচিকিৎসা কর্মীদের বিনামূল্যে আবাসন প্রদানের ঘোষণা দেওয়া হয়েছে

'নিউ ইয়র্ক টাফ' ভিডিও প্রকাশ করা হয়েছে যেখানে দেখানো হচ্ছে কিভাবে নিউ ইয়র্কের অধিবাসিরা বাড়িতে তাদের সময় কাটাচ্ছে এবং কীভাবে স্টেট নিউ ইয়র্কের সমস্ত সম্প্রদায়ের কাছে লাইফ-সেভিং স্টে হোম বার্তা পৌঁছানোর চলমান প্রচেষ্টা অব্যাহত রেখেছে- ভিডিওটি এখানে পাওয়া যাবে

নিউ ইয়র্ক স্টেটে আরও 10,575 জন করোনাভাইরাস আক্রান্ত ব্যক্তির সংখ্যা নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যা 170,512-তে পৌঁছেছে এবং 54টি কাউন্টিতে নতুনভাবে আক্রান্তের ঘটনা ঘটেছে

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন নিউ ইয়র্ক স্টেট অ্যান্টিবডি পরীক্ষার প্রক্রিয়া শুরু করতে যাচ্ছে, যা অর্থনীতিকে পুনরায় চালু করার যে কোন পরিকল্পনার মূল উপাদান। বর্তমানে স্টেট অ্যান্টিবডি পরীক্ষার মধ্যে 300 টির পরীক্ষা

পরিচালনা করছে এবং আগামী শুক্রবারের মধ্যে প্রতি দিন 1,000 এবং পরের সপ্তাহের মধ্যে 2,000 এর উপর পরীক্ষা পরিচালনা করার উপর নজর দিচ্ছে। স্টেটে ব্যাপকভাবে পরীক্ষার কার্যক্রম পরিচালনার জন্য স্টেটের অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে গভর্নর এই গুরুত্বপূর্ণ কাজে ফেডারেল সরকারের সঙ্গে পূর্ণ অংশীদারিত্বের প্রস্তাব দেন। এরই মধ্যে, গভর্নর ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্ক, কানেকটিকাট এবং নিউ জার্সি সম্মিলিতভাবে পরীক্ষার একটি আঞ্চলিক অংশীদারিত্ব গড়ে তুলবে যেন এই স্টেটগুলিতে বাসিন্দাদের জন্য গণ হারে পরীক্ষা শুরু করা যায়।

গভর্নর কুওমো আরো 200 মিলিয়ন জরুরি খাদ্য সহায়তা প্রদানের ঘোষণা করেন, যা সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রামে নথিভুক্ত 700,000-এর বেশি নিম্ন আয়ের পরিবার সহজে লাভ করতে পারবে। যারা সাপ্লিমেন্ট নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP)-এ তালিকাভুক্ত হয়েছেন এবং এখনও যারা সর্বোচ্চ সুবিধা পাচ্ছেন না, মার্চ ও এপ্রিল মাসে তাদেরকে একটি অতিরিক্ত পেমেন্ট দেওয়া হবে যেন তারা পূর্বের না পাওয়া সুবিধা এভাবে পুষিয়ে নিয়ে সুবিধাপ্রাপ্তির সমপর্যায়ে আসতে পারে। এই সম্পূরক সুবিধা এপ্রিল মাসে ইস্যু করা হবে এবং সরাসরি প্রাপকদের কাছে বিদ্যমান ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার অ্যাকাউন্টে পৌঁছে যাবে।
নিউ ইয়র্ক সিটির বাইরের কাউন্টিতে থাকা সম্পূরক সুবিধাপ্রাপ্তির যোগ্য পরিবারগুলি 13 এপ্রিল থেকে জরুরি ভিত্তিতে এই সম্পূরক সুবিধা পেতে শুরু করবে এবং 24 এপ্রিলের মধ্যে সমস্ত যোগ্য পরিবার এটি পেয়ে যাবে। নিউ ইয়র্ক সিটিতে জরুরি সুবিধাগুলি 14 এপ্রিল থেকে প্রদান শুরু করা হবে এবং 25 এপ্রিলের মধ্যে এই প্রদান কার্যক্রম সম্পন্ন করা হবে।

স্বাস্থ্যসেবা এবং অন্যান্য ফ্রন্টলাইন কর্মী এবং তাদের পরিবার যারা COVID-19 দ্বারা আক্রান্ত হয়েছেন তাদের সহায়তা করতে গভর্নর কুওমো একটি COVID-19 হিরোজ কম্পেনসেশন ফান্ড (Heroes Compensation Fund) গঠন করতে নিউ ইয়র্কের কংগ্রেস প্রতিনিধিদলের সাথে কাজ করছেন।

একই সঙ্গে গভর্নর ফ্রন্টলাইন চিকিৎসকদের আবাসন সুবিধা দেওয়ার জন্য বেসরকারি খাতের অংশীদারদের সঙ্গে নতুন অংশীদারিত্ব ঘোষণা করেছেন। Airbnb-এর সহ-প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ব্রায়ান চেস্কি ইউনিয়ন হোটেলগুলিতে ফ্রন্টলাইন কর্মীদের বিনা ব্যয়ে কক্ষ সরবরাহ করতে 2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবেন। এই প্রচেষ্টার অংশ হিসেবে, 1199SEIU Airbnb-এর সাথে অংশীদারিত্ব করছে যেন হাসপাতাল এবং অন্যান্য স্বাস্থ্যসেবা কর্মীরা যারা স্টেটব্যাপী COVID-19 দুর্যোগকে মোকাবেলার জন্য সংগ্রাম করছে সেই সদস্যদের আবাসন সুবিধা প্রদান করা যায়। উপরন্তু, ইন্টারকন্টিনেন্টাল টাইমস স্কয়ার (InterContinental Times Square), ইয়োটেল (Yotel) এবং হাডসন হোটেল (Hudson Hotel) স্টেটের বাইরে থেকে নিউ ইয়র্ক সিটিতে আসা স্বাস্থ্য পরিষেবা কর্মীদের জন্য অতিরিক্ত ৪00 কক্ষ বিনামূল্যে প্রদান করছে, আর এক্ষেত্রে তারা নিউ ইয়র্ক সিটির হোটেল অ্যাসোসিয়েশন (Hotel Association of New York City), মেটলাইফ (MetLife) এবং রিলেটেড কোম্পানিজ (The Related Companies)-এর সহযোগিতার মাধ্যমে এই সহায়তা প্রদান করছে।

গভর্নর কুওমোর সামাজিক প্রচার মাধ্যমের সচেতনতা প্রচারণার অংশ হিসেবে, এই স্টেট আজ একটি ভিডিও প্রকাশ করেছে যাতে আমাদের দেখানো হচ্ছে নিউ ইয়র্কবাসীরা স্টেটব্যাপী পজ বিধিনিষেধের আওতায় ঘরে থেকে তারা কীভাবে কঠিন বাস্তবতার উদাহরণ সৃষ্টি করেছে। স্টেট রেজোনান্ট পিকচার্সের সাথে অংশীদার হয়ে কাজ করে গত তিন সপ্তাহ ধরে নগরীতে জীবনের চালচিত্র কীরূপ তা চলচিত্রের মাধ্যমে ফোঁটানোর চেষ্টা করেছেন। দ্য ফ্রেয়ের আইকনিক গানে সেট করা ভিডিওটি মহামারির সময় সত্যই "কীভাবে একটি জীবন বাঁচাবেন," তা তুলে ধরেছে।

"তথ্য ঘেঁটে দেখা গেছে, আজ আমরা যা করি, তা এখন থেকে দুই-তিন দিন সংক্রমণের হার নির্ধারণ করবে, তাই আমরা যা করছি তা চালিয়ে যেতে হবে কারণ এটি কাজ করছে--যদিও এটা কঠিন," **গভর্নর কুওমো বলেন।** "পুনরায় সবকিছু চালু করার মূল চালিকা শক্তি হল পরীক্ষা-নিরীক্ষার হার বাড়ানো। নিউ ইয়র্ক স্টেট পরীক্ষার উপর বেশ জোড় দিয়েছে, এবং আমাদের স্টেট ল্যাব এখন অ্যান্টিবডি পরীক্ষার কার্যক্রম শুরু করছে যা খুব দ্রুত এবং মসৃণতার সাথে ফলাফল প্রদান করবে। স্টেট হেলথ ডিপার্টমেন্ট বর্তমানে দিনে 300 টি টেস্ট করতে পারে এবং আগামী শুক্রবারের মধ্যে তারা 1,000 টেস্ট এবং পরের সপ্তাহে 2,000 টেস্ট করতে পারবে। এটি দারুণ, এবং মনে হচ্ছে অনেক, কিন্তু 2,000 টেস্ট এখনও প্রয়োজনের তুলনায় সামান্য, তারপরও নিউ ইয়র্ক যেভাবে পরীক্ষার বিষয়ে উন্নয়ন করেছে তাতে আমি গর্বিত।"

পরিশেষে, গভর্নর আরও 10,575টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 170,512-এ নিয়ে এসেছে। মোট 170,512 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	426	47
Allegany	26	4
Broome	112	7
Cattaraugus	18	1
Cayuga	27	11
Chautauqua	20	2
Chemung	59	0
Chenango	60	5
Clinton	43	3
Columbia	74	4
Cortland	17	1
Delaware	39	2
Dutchess	1,598	105
Erie	1,409	47

Essex	10	2
Franklin	11	0
Fulton	18	3
Genesee	65	9
Greene	34	6
Hamilton	3	0
Herkimer	36	4
Jefferson	43	1
Lewis	6	0
Livingston	29	3
Madison	99	8
Monroe	742	44
Montgomery	29	1
Nassau	21,512	1,372
Niagara	156	10
NYC	92,384	5,356
Oneida	172	14
Onondaga	369	11
Ontario	51	8
Orange	4,532	442
Orleans	24	2
Oswego	36	0
Otsego	41	2
Putnam	487	49
Rensselaer	91	12
Rockland	7,122	457
Saratoga	182	10
Schenectady	191	24
Schoharie	12	0
Schuyler	5	1
Seneca	15	0
St. Lawrence	78	2
Steuben	117	28

Suffolk	18,692	1,279
Sullivan	318	24
Tioga	18	1
Tompkins	105	0
Ulster	530	70
Warren	43	3
Washington	26	1
Wayne	41	2
Westchester	18,077	1,073
Wyoming	30	1
Yates	2	1

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন